দৈনিক ইত্তেফাক

তারিখ 04 JUL 1988
পৃষ্ঠা 3 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## ৫০২ জনের মধ্যে ১৫ জন

চুয়াডাঙ্গা সংবাদদাতা জানান, আলমডাঙ্গা কলেজ ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে মোট ৫০২ জন পরীক্ষার্থীর মধ্যে বর্তমানে মাত্র ১৫/১৬ জন পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে। গত ২৬শে জুন পরীক্ষা শুরু হওয়ার পূর্ব মুহূর্তে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার আলমডাঙ্গা কলেজের অধ্যক্ষকে আপত্তিকর ভাষায় গালিগালাজ করার প্রতি-

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ )

## ৫০২ জনের মধ্যে ১৫ জন

( ৩য় পৃঃ পর )

বাদে উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে। আলমডাঙ্গা কলেজের অধ্যক্ষকে অপমান করার ঘটনার বিচার চাহিয়া চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের নিকট একটি স্মারকলিপি প্রদান করা হইয়াছে।

### ইউএনও প্রহৃত

গাইবান্ধা সংবাদদাতার তার: গত ২৬শে জুন সাদুল্লাপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে ডিগ্রী পরীক্ষার্থীদের দ্বারা সাদুল্লাপুরের উপজেলা নির্বাহী অফিসার প্রহৃত হয়। জানা যায়, পরীক্ষা চলাকালে ইউএনও পরীক্ষা কেন্দ্রে আসিয়া পরীক্ষার্থী-দের সহিত দুর্ব্যবহার শুরু করিলে এক পর্যায়ে পরীক্ষার্থীরা তাহার উপর চড়াও হয়।